দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...

# রাজশাহী ও চট্টগ্রামে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হচ্ছে

■ ইত্তেফাক রিপোর্ট

চিকিৎসা ক্ষেত্রে উচ্চশিক্ষা, গবেষণা ও সেবার মান এবং সুযোগ-সুবিধা বাড়ানোর লক্ষ্যে রাজশাহী ও চট্টগ্রামে দুটি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় আইন প্রণয়নে সংসদে বিল উত্থাপিত হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম গতকাল বুধবার পৃথকভাবে 'চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয় বিল-২০১৬' এবং 'রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয় বিল-২০১৬' সংসদে উত্থাপন করেন। পরে বিল দুটি ৩০ দিনে পরীক্ষা করে সংসদে প্রতিবেদন দিতে স্বাস্থ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়েছে।

প্রস্তাবিত আইনে বলা হয়েছে, চট্টগ্রাম ও রাজশাহী মহানগরীতে বা সরকারের নির্ধারিত স্থানে বিশ্ববিদ্যালয়গুলো স্থাপন করা হবে। বিশ্ববিদ্যালয়গুলো চিকিৎসা শাস্ত্রে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর অধ্যয়ন এবং আধুনিক চিকিৎসা বিজ্ঞান ও প্রযুক্তির যে কোনো বিষয়ে শিক্ষা ও গবেষণার ব্যবস্থা করবে। নার্সিংয়ে স্নাতক অধ্যয়নের ব্যবস্থাও বিশ্ববিদ্যালয়গুলো করবে।

প্রস্তাবিত আইন দুটিতে বিশ্ববিদ্যালয়গুলোয় আটটি অনুষদ রাখার বিধান রাখা হয়েছে। সেগুলো হল- মেডিসিন অনুষদ, সার্জারি অনুষদ, বেসিক সাইন্স ও প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদ, ডেন্টাল অনুষদ, নার্সিং অনুষদ, বায়ো-টেকনোলজি ও বায়ো-মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ, মেডিক্যাল টেকনোলজি অনুষদ এবং প্রিভেনটিভ এন্ড সোশ্যাল মেডিসিন অনুষদ।

**একটি বিল পাস**

বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে দেশে-বিদেশে উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে 'বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট' নামে একটি ট্রাস্ট গঠন এবং এই বিষয়ে বিধান প্রণয়নের লক্ষ্যে গতকাল সংসদে 'বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট বিল, ২০১৬' নামে একটি বিল পাস হয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বিলটি পাসের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে পাস হয়।